

ফাতওয়া নাম্বার: ২২১

প্রকাশকাল: ২০-১২-২০২১ ইং

## বিয়ের আয়োজন সম্পন্ন করতে ব্যাংক থেকে লোন নিলে সেই বিয়ে কি সহীহ হবে?

### প্রশ্ন:

কিছুদিন আগে আমার এক বন্ধু বিয়ে করে। তার আকবা বিয়ের আয়োজন সম্পন্ন করার জন্য ব্যাংক থেকে কিছু টাকা লোন নেন। এটি সে বিয়ের মাত্র একদিন আগে জানতে পারে। এখন তার জানার বিষয় হল, টাকাটা যেহেতু সুদের ওপর নেয়া হয়, তাই এ কারণে তার বিয়ের শুদ্ধতায় কোন সমস্যা হবে কি না?

উল্লেখ্য, বিয়ের আয়োজনে ব্যাংক থেকে লোন নেয়া টাকা ছাড়া তাদের হাতে থাকা হালাল টাকাও ছিল।

প্রশ্নকারী- উমর

### উত্তর:

### بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

দুইজন সাক্ষীর উপস্থিতিতে একই মজলিসে ইজাব-কবুল তথা এক পক্ষের প্রস্তাব ও অন্যপক্ষের কবুলের দ্বারা বিবাহ সংঘটিত হয়ে যায়। সুতরাং এভাবে ইজাব কবুল হলে বিবাহ সহীহ হয়ে গেছে। ব্যাংক থেকে লোন নিয়ে বিবাহের আয়োজন করার কারণে বিবাহের শুদ্ধতায় কোন সমস্যা হবে না। বলার অপেক্ষা রাখে না যে, সুদে লোন নেয়া মারাত্মক একটি গোনাহের কাজ। তা থেকে অবিলম্বে তাওবা করা জরুরি। (আল হিদায়াহ: ১/১৮৫;)

فقط، و تعالى أعلم لصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০৯-০৫-১৪৪৩ হি.

১৪-১২-২০২১ ঈ.

